গাংনীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন উপজেলা নির্বাহী অফিসার

মেহেরপুরসহ সারাদেশে একযোগে চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে আজ রবিবার থেকে। জেলায় এবার ১৫০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৮ হাজার ৯০৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসের তথ্যমতে, জেলার ৩টি উপজেলায় জেনারেলের শাখার জন্য ১৩টি কারিগরি (ভোকাশোনাল) শাখার জন্য ৪টি এবং মাদ্রাসা শাখার জন্য ২টি কেন্দ্র নির্ধারণ করা হয়েছে।

নির্ধারীত সময়ে পরীক্ষা শুরু হওয়ার পর মেহেরপুরের গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু উপজেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

এসএসসি ও সমমানের পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, সকাল থেকে আমি বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করে দেখছি। এর আগে গত দুইদিনও আমি পরিদর্শন করে দেখেছি ছোট ছোট যে সমস্যাগুলো ছিলো সেগুলো সমাধানে কিছু নির্দেশ দেওয়া ছিলো; আজকে আমি দেখলাম সেগুলো মোটামুটি ভালো রয়েছে। যতগুলো এখন পর্যন্ত দেখেছি সবগুলো কেন্দ্রে পরিস্থিতি স্বাভাবিক ও সুন্দর মনে হয়েছে। আশাকরি সামনের দিনগুলোতেও এই ধরনের শান্তিপূর্ণ অবস্থা বিরাজ করবে।

নকলমুক্ত, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সমাপ্ত করার লক্ষ্য জেলার তিন উপজেলায় তিনটি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। মেহেরপুর জেলা ম্যাজিষ্ট্রেট মোহাম্মদ আজিজুল ইসলাম পরীক্ষা কেন্দ্র গুলোর আশেপাশে ১৪৪ ধারা জারি করেছেন এবং এক মাস সব কোচিং সেন্টার বন্ধ ঘোষণা করেছেন।